

প্রধানমন্ত্রীর দক্ষিণ আফ্রিকা ও গ্রীস সফর (২২-২৫শে আগস্ট, ২০২৩)

18ই আগস্ট, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দক্ষিণ আফ্রিকা প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি মহামান্য মাতামেলা সিরিল রামাফোসার আমন্ত্রণে ১৫তম ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ২২-২৪ আগস্ট ২০২৩ তারিখে দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গ সফর করবেন।

২. ২০১৯ সালের পর এটিই হবে প্রথম ব্রিকস শীর্ষ সম্মেলন। এই শীর্ষ সম্মেলন গোষ্ঠীকর্তৃক গৃহীত উদ্যোগগুলির অগ্রগতি পর্যালোচনা করার এবং ভবিষ্যতের ক্রিয়াকলাপের ক্ষেত্রগুলি চিহ্নিত করার সুযোগ প্রদান করবে।

৩. ব্রিকস শীর্ষ সম্মেলনের পরে আয়োজিত "ব্রিকস - আফ্রিকা আউটরিচ এবং ব্রিকস প্লাস ডায়ালগ" শীর্ষক একটি বিশেষ অনুষ্ঠানেও প্রধানমন্ত্রী অংশ নেবেন, যাতে দক্ষিণ আফ্রিকার আমন্ত্রিত অন্যান্য দেশগুলি অন্তর্ভুক্ত থাকবে।

৪. সফরকালে প্রধানমন্ত্রী জোহানেসবার্গে উপস্থিত কয়েকজন নেতার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন।

৫. দক্ষিণ আফ্রিকা সফরশেষে প্রধানমন্ত্রী গ্রিসের প্রধানমন্ত্রী কিরিয়াকোস মিতসোটাকিসের আমন্ত্রণে ২৫ আগস্ট ২০২৩ তারিখে গ্রিসে সরকারি সফর করবেন। গত ৪০ বছরের মধ্যে এই প্রথম কোনও ভারতীয় প্রধানমন্ত্রীর গ্রীস সফর।

৬. ভারত ও গ্রীসের মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে, যা সাম্প্রতিক বছরগুলিতে সামুদ্রিক পরিবহন, প্রতিরক্ষা, বাণিজ্য ও বিনিয়োগ এবং জনগণের মধ্যে সম্পর্কের মতো ক্ষেত্রে সহযোগিতার মাধ্যমে শক্তিশালী হয়েছে। সম্পর্ক আরও গভীর করার উপায় নিয়ে প্রধানমন্ত্রী মিতসোটাকিসের সঙ্গে আলোচনা করবেন প্রধানমন্ত্রী। তিনি উভয় দেশের ব্যবসায়ী নেতাদের পাশাপাশি গ্রীসে ভারতীয় সম্প্রদায়ের সাথেও কথা বলবেন।

নয়া দিল্লি

18ই আগস্ট, 2023